



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৬

তারিখ: ১১ আষাঢ়, ১৪৩০
২৫ জুন, ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

‘স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম’ এর নাম পরিবর্তন এবং তহবিল বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

অত্র বিভাগের ০৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০২, ০৭ মে ২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২ এবং ০৪ আগস্ট ২০২১ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে পরিচালিত ‘স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম’(Small Enterprise Refinance Scheme) এর নাম পরিবর্তন করে ‘নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম’ (Small Enterprise Refinance Scheme for Women Entrepreneurs) হিসেবে নামকরণ করা হলো এবং উক্ত তহবিলের পরিমাণ ১,৫০০ কোটি হতে বাড়িয়ে ৩,০০০ কোটি টাকায় উন্নীত করা হলো।
৩. এতদ্ব্যতীত, উক্ত সার্কুলার ও সার্কুলার লেটারসহ নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সংক্রান্ত ১৭ আগস্ট ২০২১ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০৮ এবং একই বিষয়ে ২০ জুন ২০২২ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
৪. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আশিকুর রহমান)
পরিচালক (এসএমইএসপিডি)

ফোন: ৯৫৩০৫০২